

আন্তর্জাতিক

ইরানের হামলায় বাহরাইনে মার্কিন নৌ-ড্রোন ঘাঁটি সম্পূর্ণ ধ্বংস



প্রতিবেদক: Dhaka Probe

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ইরানের ইসলামিক রেভলুশনারি গার্ড কর্পস (আইআরজিসি) দাবি করেছে, তারা বাহরাইনে যুক্তরাষ্ট্রের সামরিক স্থাপনাগুলো লক্ষ্য করে নতুন করে প্রতিশোধমূলক হামলা চালিয়েছে।

শনিবার (১৮ জুলাই) প্রকাশিত এক বিবৃতিতে আইআরজিসি জানায়, "অপারেশন নাসর-২"-এর ১৭তম ধাপে বাহরাইনে অবস্থিত যুক্তরাষ্ট্রের মানববিহীন সারফেস ভেসেল (ইউএসভি) বা ড্রোন নৌযানের একটি ডিপোতে হামলা চালানো হয়েছে। তাদের দাবি, হামলায় ওই স্থাপনাটি ধ্বংস হয়েছে এবং সেখানে থাকা বিপুলসংখ্যক ড্রোন নৌযানে আগুন ধরে যায়।

বিবৃতিতে আরও বলা হয়, বাহরাইনে অবস্থিত একটি কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) কেন্দ্র, যা যুক্তরাষ্ট্র সামরিক লক্ষ্য নির্ধারণে ব্যবহার করত বলে আইআরজিসির দাবি, সেটিও একাধিক ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলায় সম্পূর্ণ ধ্বংস করা হয়েছে।

হামলার কারণ হিসেবে আইআরজিসি অভিযোগ করেছে, যুক্তরাষ্ট্র আগের রাতে ইরানে সেতু ও অন্যান্য অবকাঠামোতে হামলা চালিয়ে বেসামরিক লোকজনকে হতাহত করেছে। এরই জবাবে এই প্রতিশোধমূলক অভিযান চালানো হয়েছে বলে দাবি করা হয়।

বিত্তিতে আরও হুঁশিয়ারি দিয়ে বলা হয়, যুক্তরাষ্ট্র যদি ইরানের পরিবহন অবকাঠামো ও সেতুগুলোতে হামলা অব্যাহত রাখে, তবে ভবিষ্যতে মধ্যপ্রাচ্যে মার্কিন মালিকানাধীন বা মার্কিন শেয়ারধারী কোম্পানির গুরুত্বপূর্ণ শিল্প, তথ্যপ্রযুক্তি ও কৃত্রিম বুদ্ধিমত্তা সম্পর্কিত স্থাপনাগুলোকে লক্ষ্যবস্তু করা হবে।

এছাড়া আইআরজিসি দাবি করেছে, মধ্যপ্রাচ্যে যেসব দেশ যুক্তরাষ্ট্রের সামরিক ঘাঁটি স্থাপনের অনুমতি দিয়েছে, তারা এসব হামলার ক্ষেত্রে যুক্তরাষ্ট্রের সহযোগী।

উল্লেখ্য, আইআরজিসির এসব দাবি স্বাধীনভাবে যাচাই করা সম্ভব হয়নি এবং এ বিষয়ে যুক্তরাষ্ট্র বা বাহরাইন কর্তৃপক্ষের কোনো আনুষ্ঠানিক প্রতিক্রিয়া তাৎক্ষণিকভাবে পাওয়া যায়নি।

সূত্র: মেহের নিউজ

এ বিভাগের আরও খবর




মধ্যপ্রাচ্যের উত্তেজনায় আবারও ১০০ ডলারের ওপরে তেল
মধ্যপ্রাচ্যে বাড়তে থাকা উত্তেজনা এবং যুক্তরাষ্ট্রের মেক্সিকো উপসাগরীয় অঞ্চলে বাড়ন্ত আশঙ্কায় বিশ্ববাজারে জ্বালানি তেলের দাম বেড়েছে। বুধবার রে...



কুম্ভ সাগরে তেলবাহী জাহাজে হামলা, ২৩ ভারতীয় নাবিক উদ্ধার
কুম্ভ সাগরে তেলবাহী একটি বাণিজ্যিক জাহাজে হামলা হয়েছে। হামলার পর জাহাজটিতে আগুন ধরে যায়। সেখান থেকে ২৩ ভারতীয় নাবিককে অক্ষত অবস্থায় উদ্ধার...



আরও তীব্র হচ্ছে ফ্রান্সে শিক্ষার্থীদের বিক্ষোভ, চাপে সরকার
ফ্রান্সে শিক্ষার্থীদের বিক্ষোভ তীব্র আকার ধারণ করেছে। আজ মঙ্গলবার দেশটির বিভিন্ন শহরে বিক্ষোভ মিছিল করেছেন শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকেরা।...



পদার্থে নোবেল পেলেন ফ্রান্সিস হেলজেন
চলতি বছর পদার্থবিজ্ঞানে নোবেল পুরস্কার পেয়েছেন বেলজিয়ামের পদার্থবিজ্ঞানী ফ্রান্সিস হেলজেন। সুইডেনের স্টকহোমে রয়্যাল সুইডিশ একাডেমি অব সায়েন্সে...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/international/iraner-hamlay-bahrain-nou-dron-ghanti-smpurn-dhngs>